



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



জরুরি
গোপনীয়

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭৫.৪৩.০০১.২১.১৮৯

তারিখ: ৩ কার্তিক ১৪২৮

১৯ অক্টোবর ২০২১

বিষয়: **UGC Gold Medal 2020-এর জন্য দরখাস্ত আহ্বান।**

জনাব

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, দেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণকে তাঁদের মৌলিক গবেষণামূলক প্রবন্ধ/পাঠ্যপুস্তক/ গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তক-এর জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর UGC Gold Medal প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০২০ সালে প্রকাশিত মৌলিক গবেষণামূলক প্রকাশনার জন্য UGC Gold Medal 2020 প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ থেকে নির্ধারিত হুকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আগ্রহী শিক্ষকগণকে (বাংলা ও ইংরেজিতে) অনধিক ২০০ শব্দের মধ্যে জীবন বৃত্তান্তসহ প্রবন্ধের জন্য ০৬ (ছয়) কপি এবং পুস্তকের জন্য ০৪ (চার) কপি প্রকাশনা দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে। উল্লেখ্য, যৌথ প্রকাশনার ক্ষেত্রে কেবলমাত্র প্রধান লেখক বা সর্বশেষ লেখক অন্যান্য সহলেখকদের সম্মতি সাপেক্ষে দরখাস্ত করতে পারবেন।

UGC Gold Medal সংক্রান্ত নীতিমালা, বিজ্ঞপ্তি, সম্মতিপত্র ও আবেদনপত্রের হুক এতদসঙ্গে সংযুক্ত করা হলো (ইউজিসির ওয়েব সাইট www.ugc.gov.bd থেকেও ডাউনলোড করা যাবে)। সংযুক্ত বিজ্ঞাপনটি আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের মধ্যে প্রচারের জন্য আপনাকে অনুরোধ জানানো হলো।

দরখাস্ত আগামী ০৫ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পৌঁছাতে হবে।

১৯-১০-২০২১

দেওয়ান গোলাম সারোয়ার
উপ-পরিচালক (সাইন্স এন্ড টেকনোলজি)

বিতরণ :

১) রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)

২) রেজিস্ট্রার (সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়)

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭৫.৪৩.০০১.২১.১৮৯/১(৪)

তারিখ: ৩ কার্তিক ১৪২৮
১৯ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ১) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ২) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



১৯-১০-২০২১

দেওয়ান গোলাম সারোয়ার
উপ-পরিচালক (সাইন্স এন্ড টেকনোলজি)